

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৬৬.০০২.০৩১.১৭-৫৪৩

তারিখঃ ১৪ অগ্রহায়ণ ১৪২৪
২৮ নভেম্বর ২০১৭


বিষয়ঃ মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশনের রায় বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশনের রায় বাস্তবায়নের লক্ষ্যে রায়ে প্রদত্ত নির্দেশনার আলোকে জনবলকাঠামো ০৪ ফেব্রুয়ারি, ২০১০ অনুযায়ী নিম্নবর্ণিত ০৬ (ছয়) টি প্রতিষ্ঠানকে নিম্নোক্ত ট্রেডে এমপিওভুক্ত করতে সরকার সম্মত হয়েছে:

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম	ট্রেড	প্রাপ্য শিক্ষক সংখ্যা
১	স্বানজাইল কারিগরি কলেজ, দুর্গাপুর নেত্রকোনা।	হিসাববিজ্ঞান	০১
২	ভবানীপুর মাধ্যমিক বিদ্যালয় ও হিলফুল ফুজুল টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, ইন্দুরকানী, পিরোজপুর।	কম্পিউটার অপারেশন	০১
৩	নাচোল সাত বীরশ্রেষ্ঠ (আনক) টি.বি.এম কলেজ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।	সাচিবিক বিদ্যা	০১
৪	শহীদ আবুল কাশেম কলেজ, বটিয়াঘাটা, খুলনা।	(ক) কম্পিউটার অপারেশন (খ) সাচিবিক বিদ্যা	০১ ০১
৫	পূর্বধলা উচ্চ বিদ্যালয়, পূর্বধলা, নেত্রকোনা।	(ক) ডেস মেকিং এন্ড ট্রেইলারিং (খ) জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস	০২ ০২
৬	রাজুর বাজার কলেজিয়েট স্কুল, সদর, নেত্রকোনা।	ডেস মেকিং এন্ড ট্রেইলারিং	০২

০২। এমতাবস্থায়, উল্লিখিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতার সরকারি অংশ নিম্নবর্ণিত শর্তে প্রদান করতে হবে:

১. বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত শিক্ষক-কর্মচারী বেতন-ভাতাদির সরকারি অংশ প্রাপ্ত হবেন;
২. শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সরকারি নির্দেশনা অনুযায়ী মহিলা কোটা পূরণ করতে হবে। তবে ০৪ ফেব্রুয়ারি, ২০১০ জনবল কাঠামোর (সর্বশেষ মার্চ/২০১৩ পর্যন্ত সংশোধিত) আলোকে এমপিওভুক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানসমূহে বর্তমানে কর্মরত প্যাটার্নভুক্ত শিক্ষকদের ক্ষেত্রে মহিলা কোটার শর্ত শিথিলযোগ্য হবে;
৩. নিবন্ধন চালু হওয়ার পর নিয়োগপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্তির জন্য অবশ্যই নিবন্ধন সনদ প্রয়োজন হবে। নিবন্ধন প্রথা চালু হওয়ার পূর্বে বিধিসম্মতভাবে নিয়োগপ্রাপ্ত শিক্ষক ও কর্মচারীগণ এমপিওভুক্তির সুযোগ পাবেন;
৪. সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের শিক্ষাগত যোগ্যতা নিয়োগকালীন সরকারি বিধি-বিধান ও সংশ্লিষ্ট পরিপত্র দ্বারা নির্ধারিত হবে;
৫. প্রত্যেক শিক্ষক-কর্মচারী স্ব-স্ব ব্যাংক হিসাবের মাধ্যমে বেতন ভাতাদির সরকারি অংশ গ্রহণ করবেন;
৬. এ আদেশ কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক এমপিও প্রদানের তারিখ হতে কার্যকর হবে।


(নুরজাহান বেগম)
সহকারী সচিব (অডিট ও আইন-২)
ফোন-৯৫৭৫২৭২

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪বি, পশ্চিম আগারগাঁও
প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা।

চলমান পৃষ্ঠা/২

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৬৬.০০২.০৩১.১৭-৫৪৩/১(১৮)

তারিখঃ ১৪ অগ্রহায়ণ ১৪২৪
২৮ নভেম্বর ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ: আক:- বিজ্ঞ সলিসিটর (যুগ্মসচিব), সলিসিটর উইং, মাননীয় আদালতকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (প্রশা: ও উন্ন:) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অতিরিক্ত সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩, ৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
- ৭। যুগ্মসচিব (প্রশাসন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। যুগ্মসচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। উপসচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (এমপিওভুক্তির জন্য প্রয়োজনীয় অর্থ ছাড়ের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ১০। উপসচিব (কারিগরি-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী-নীলক্ষেত, ঢাকা।
- ১২। জেলা প্রশাসক -----
- ১৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- ১৬। জেলা শিক্ষা অফিসার, ----- (উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান এবং জেলা শিক্ষা অফিসার অবিলম্বে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৪/০২/২০১০ খ্রি. তারিখে জারিকৃত জনবলকাঠামো সম্পর্কিত নির্দেশিকা অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকায় প্রেরণ করবেন।
- ১৭। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১৮। অধ্যক্ষ/প্রধান শিক্ষক (তার অনুকূলে পৃথক কোন সরকারি আদেশ জারি করা হবে না। এ বিভাগের ওয়েবসাইট থেকে এ আদেশ সংগ্রহপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন)।

২৮.১১.১৭
(নুরজাহান বেগম)
সহকারী সচিব (অডিট ও আইন-২)
ফোন-৯৫৭৫২৭২